

[বাংলাদেশ](#)

## বাংলাদেশে রাডারসহ প্রতিরক্ষাসামগ্রী বিক্রিতে আগ্রহী জাপানি প্রতিষ্ঠান

কূটনৈতিক প্রতিবেদক ঢাকা



রাজধানীর জাতীয় প্রেসক্লাবে 'ডিকাব টকে' জাপানের রাষ্ট্রদূত ইতো নাওকি ছবি: শুভ্র কান্তি দাশ

বাংলাদেশে রাডারসহ প্রতিরক্ষাসামগ্রী বিক্রিতে আগ্রহী জাপানি প্রতিষ্ঠান। ঢাকায় জাপানের রাষ্ট্রদূত ইতো নাওকি এ কথা বলেছেন।

আজ মঙ্গলবার সকালে রাজধানীর জাতীয় প্রেসক্লাবে আয়োজিত 'ডিকাব টক' অনুষ্ঠানে দুই দেশের ভবিষ্যৎ সহযোগিতা সম্পর্কে বলতে গিয়ে ইতো নাওকি এই তথ্য জানান। অনুষ্ঠানের আয়োজক ডিপ্লোমেটিক করেসপনডেন্টস অ্যাসোসিয়েশন বাংলাদেশ (ডিকাব)।

জাপানের রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশের প্রতিরক্ষা বাহিনীর আগ্রহের বিষয়টি বুঝতে জাপানের একটি প্রতিষ্ঠান বাংলাদেশ সফরে এসেছিল। প্রতিষ্ঠানটি রাডারসহ অন্যান্য সামগ্রী বাংলাদেশের কাছে বিক্রি করতে চায়।

‘ডিকাব টক’ শেষে ইতো নাওকির কাছে জানতে চাওয়া হয়, জাপানের কোনো প্রতিষ্ঠান প্রতিরক্ষাসামগ্রী বিক্রির বিষয়ে আলোচনা করতে বাংলাদেশে এসেছিল। জবাবে তিনি বলেন, মিতসুবিশি ইলেকট্রনিকসের প্রতিনিধিরা এসেছিলেন।

ডিকাব টকে জাপানের রাষ্ট্রদূত বলেন, সম্প্রতি জাপান প্রতিরক্ষাসামগ্রী রপ্তানির ক্ষেত্রে আইন শিথিল করেছে। ফলে জাপানের প্রতিষ্ঠানগুলো এশিয়ার কিছু দেশে প্রতিরক্ষা পণ্য রপ্তানি করছে। জাপানের একটি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা প্রতিরক্ষা-সংক্রান্ত পণ্য রপ্তানির জন্য বাংলাদেশ সফর করেছে।

প্রতিরক্ষা খাতকে বাংলাদেশের সঙ্গে সহযোগিতার নতুন ক্ষেত্রে হিসেবে উল্লেখ করেন ইতো নাওকি।

জাপানের রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশ সরকার প্রতিরক্ষাসামগ্রী সংগ্রহের উৎস বহুমুখীকরণের সিদ্ধান্ত নিয়েছে। তাই এই খাত নতুন সহযোগিতার ক্ষেত্র হতে পারে। দুই পক্ষের মধ্যে এ বিষয়ে আলোচনা অব্যাহত থাকবে বলে আশা করেন তিনি।

ডিকাব সভাপতি রেজাউল করিম লোটারসের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক এ কে এম মঈন উদ্দীন।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২২ প্রথম আলো